

**স্পারসো রিসার্চ ফেলোশিপ সম্পর্কে সাধারণ জিজ্ঞাসা:**

ক্রমিক নং	আবেদনকারীদের হতে প্রাপ্ত প্রশ্ন	উত্তর
১	এটা কি কোনো স্থায়ী/অস্থায়ী চাকরি?	না, এটি কোনো চাকরি নয়। স্বল্পকালীন গবেষণা ফেলোশিপ।
২	ফেলোশিপের অধীনে কি কাজ করতে হবে?	মহাকাশ বিজ্ঞান বিষয়ে (রকেট প্রযুক্তি, স্যাটেলাইট, রোবটিক্স, ড্রোন, রিমোট সেন্সিং, জি আই এস, জ্যোতির্বিজ্ঞান ইত্যাদি) গবেষণা। “বিস্তারিত ফেলোশিপ নীতিমালায় দ্রষ্টব্য”
৩	আবেদনকারীর পড়ালেখার বিষয় কি হতে হবে?	পড়ালেখার বিষয় যা-ই হোক, গবেষণার বিষয় মহাকাশ গবেষণা সম্পর্কিত হতে হবে।
৪	গবেষণা বিবৃতি ইংরেজিতে লেখা যাবে?	হ্যাঁ।
৫	গবেষণার উদ্দেশ্য ও বিবৃতি-তে কি থাকবে?	নতুন একটি গবেষণা কার্যক্রমের ধারণা, কর্ম পরিকল্পনা, কেনো এই গবেষণা প্রয়োজন, ফলাফল কি হতে পারে, দেশের বা বিশ্বের কি কাজে লাগবে ইত্যাদি।
৬	রিসার্চ করার জন্য স্পারসো টিম বানিয়ে দিবে?	প্রয়োজনে বিদ্যমান গবেষণা কার্যক্রমে সংযুক্ত করা হবে বা নতুন করে গবেষণা কার্যক্রম নেয়া হবে অথবা প্রস্তাবিত প্রকল্পটি অনুমোদন করা হবে। একা কাজ করতে হবে বা টিম বানানো হবে। কাজের ধরণ অনুযায়ী কর্তৃপক্ষ এসব নির্ধারণ করবে।
৭	সুপারভাইজার কে হবেন?	অবশ্যই স্পারসোর একজন কর্মকর্তা সুপারভাইজার হবেন, প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কো-সুপারভাইজার হিসেবে একজন এক্সটার্নাল (স্পারসো-র কর্মকর্তা নয় এমন কোন প্রফেশনাল বা শিক্ষক) থাকতে পারবেন।
৮	দলগত গবেষণায় সবাইকে আলাদাভাবে বায়ো-ডাটা ও ডকুমেন্ট জমা দিতে হবে?	হ্যাঁ।
৯	কোনো ডকুমেন্ট পরে দেয়া যাবে কি?	গবেষণার উদ্দেশ্য ও বিবৃতি অবশ্যই আগে দিতে হবে। বাকি গুলো পরে দেয়া যাবে।
১০	আগে গবেষণার অভিজ্ঞতা না থাকলে আবেদন করা যাবে?	হ্যাঁ। কমপক্ষে ২ বছরের গবেষণার অভিজ্ঞতা না থাকলে জুনিয়র রিসার্চ ফেলো হিসেবে আবেদন করা যাবে।
১১	ফেলোশিপের টাকা কিভাবে দেয়া হবে?	নির্বাচিত ফেলোকে গবেষণায় সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে প্রতি মাসে স্পারসো কর্তৃপক্ষের নির্ধারিত হারে অর্থ প্রদান করা হবে। গবেষণায় প্রয়োজনীয় অন্যান্য খরচ আলাদাভাবে বহন করা হবে।
১২	সরকারি কোনো কর্মকর্তা গবেষণা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে কি?	সরকারি কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন ও গবেষণা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।
১৩	গবেষণা কোথায় করতে হবে?	সাধারণভাবে, রিসার্চ এসোসিয়েট গণ প্রতি কর্মদিবসে স্পারসো-তে আসতে হবে। জুনিয়র রিসার্চ ফেলো গণ প্রতি সপ্তাহে কমপক্ষে ২ দিন স্পারসো-তে আসতে হবে। প্রয়োজন অনুসারে গবেষণার সময় এবং স্থান ফেলোদের একাডেমিক ক্যালেন্ডার অনুসারে সুপারভাইজার নির্ধারণ করবেন। তবে, কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী বা বিশেষ কোন প্রয়োজনে, যে কোন ফেলোকে সুপারভাইজার এর সাথে যোগাযোগ করে অফিসে আসতে হবে।

(চলমান পৃষ্ঠা...)

ফেলোশিপের গবেষণার ক্ষেত্র সম্পর্কিত জিজ্ঞাসার জন্য যোগাযোগের ঠিকানা:

- ❖ **Space Science and Technology Development-** Muhammad Sharif, Assistant Engineer
- ❖ **Astronomy and Astrophysics-** Md. Naim Islam Talukder, Scientific Officer
- ❖ **Food Security-** Nasrin Sultana, Senior Scientific Officer
- ❖ **Water Resources-** S M Ahsan Habib, Senior Scientific Officer
- ❖ **Fisheries-** Mohammad Imrul Islam, Senior Scientific Officer
- ❖ **Blue Economy & Oceanography-** Md. Ashraful Haq Rahat, Scientific Officer
- ❖ **Forestry-** Dr. Md. Mahmudur Rahman, Member (Tech), SPARRSO
- ❖ **Geology and Earth Science-** Farhana Tazneen, Senior Scientific Officer
- ❖ **Atmospheric Research-** Md Farid Uddin, Scientific Officer
- ❖ **Environmental Studies-** Md. Jahidul Ashik, Scientific Officer
- ❖ **Disaster Science & Management-** Dr. B. M. Refat Faisal, PSO
- ❖ **Space Economy & Space Legislation-** Rubel Kanti Dey, Information Officer

Visit SPARRSO Website for more information (<https://sparrso.gov.bd/pages/officers>)

ফেলোশিপ আবেদন সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ:

[sparrso.fellowship@gmail.com](mailto:sparrso.fellowship@gmail.com)